# সমাজকল্যাণ বার্তা

সমাজসেবা অধিদফতরের মাসিক মুখপত্র

রেজি নং : ৭৩/৭৬ বর্ষ ৯ সংখ্যা ১ ফেব্রুয়ারি ২০১৭




*জাতীয় সমাজসেবা দিবস ২০১৭-এ মাননীয় প্রতিমন্ত্রী*

## জাতীয় সমাজসেবা দিবস ২০১৭

২ জানুয়ারি ওসমানী স্মৃতি মিলনায়তনে 'সমাজসেবা উদ্ভাবন, এবার সেবায় ডিজিটাইজেশন' প্রতিপাদ্যকে সামনে রেখে জাতীয় সমাজসেবা দিবস ও চারদিন (২-৫ জানুয়ারি) ব্যাপী সমাজসেবা মেলা উদ্বোধন অনুষ্ঠানের অয়োজন করা হয়। প্রধান অতিথি হিসেবে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী নুরুজ্জামান আহমেদ এম.পি অনুষ্ঠানের শুভ উদ্বোধন ঘোষণা করেন। প্রতিমন্ত্রী তাঁর বক্তব্যে বলেন, 'মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশনা অনুযায়ী ভিশন ২০২১, এসডিজি এবং মধ্যম আয়ের দেশ বিনির্মাণে সমাজকল্যাণ মন্ত্রণালয় নিরলসভাবে কাজ করে যাচ্ছে'। তিনি আরও বলেন, 'ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সরকারি সেবাসমূহকে মানুষের দোরগোড়ায় পৌঁছে দিতে সমাজসেবা অধিদফতর বদ্ধপরিকর'।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব মোঃ জিল্লার রহমান। এছাড়াও স্বাগত বক্তব্য রাখেন সমাজসেবা অধিদফতরের মহাপরিচালক গাজী মোহাম্মদ নূরুল কবির এবং ধন্যবাদ জ্ঞাপন করেন সমাজসেবা অধিদফতরের পরিচালক (কার্যক্রম) আবু মোহাম্মদ ইউসুফ। অনুষ্ঠানে প্রধান অতিথি সমাজকল্যাণ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী নুরুজ্জামান আহমেদ এম.পি বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ সফল ঋণগ্রহিতা, দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে সফল উদ্যোক্তা এবং সরকারি শিশু পরিবারে সফল নিবাসী-তিনটি ক্যাটাগরিতে ক্রেষ্ট ও সনদপত্র বিতরণ করেন ।

অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে ছিল প্রামান্য চিত্র প্রদর্শনী এবং সমাজসেবা অধিদফতরের সরকারি শিশু পরিবারের নিবাসীর পরিবেশনায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান।

সবশেষে অনুষ্ঠান স্থল থেকে রোড শো-এর আয়োজন করা হয়। রোড শোটি সমাজসেবা অধিদফতর আগারগাঁও মেলা প্রাঙ্গনে এসে শেষ হয়।

**"শেখ হাসিনার দিন বদলে সমাজসেবা এগিয়ে চলে"**

### অন্য পাতায়


১. জাতীয় সমাজসেবা দিবস ২০১৭ উপলক্ষে প্রচারনা ২

২. ইনোভেশন বার্তা ৩-৭

৩. 'বাংলা ইশারা ভাষা দিবস' ২০১৭ ৮

৪. সাফল্যগাঁথা ৮

# জাতীয় সমাজসেবা দিবস ২০১৭ উপলক্ষে প্রচারনা


জাতীয় সমাজসেবা দিবস ২০১৭ উপলক্ষে সমাজসেবা অধিদফতর মিলনায়তনে ০২-০৫ জানুয়ারি পর্যন্ত সমাজসেবা মেলার আয়োজন করা হয়। ৪ দিন ব্যাপী এই মেলায় রোড শো, বিষয়ভিত্তিক আলোচনা, সাংস্কৃতিক অনুষ্ঠান, স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি, প্রতিবন্ধিতা শনাক্তকরণ জরিপ, MIS ডাটা এন্ট্রি, প্রামান্য চিত্র প্রদর্শনী, সমাজসেবা পরিবারের কৃতি সদস্যদের পুরস্কার প্রদানসহ সমাজসেবা উপকারভোগী ও স্বেচ্ছাসেবী সংস্থা কর্তৃক উৎপাদিত পণ্য প্রদর্শনের আয়োজন করা হয়। জাতীয় সমাজসেবা দিবস ২০১৭ উদযাপন উপলক্ষে প্রচারনায় সমাজসেবা অধিদফতর কর্তৃক গৃহিত পদক্ষেপসমূহ:





সমাজসেবার ৬১ বছর উদযাপন উপলক্ষে ক্রোড়পত্র

জাতীয় সমাজসেবা অধিদফতর কর্তৃক প্রকাশিত ক্যালেন্ডার-২০১৭




সমাজসেবা অধিদফতরাধীন প্রতিষ্ঠানের শিশুদের লেখা ও আঁকা নিয়ে 'শিশু সংকলন'




মোবাইলে ক্ষুদে বার্তা প্রেরণ




সমাজসেবা অধিদফতরের মাসিক মুখপত্র 'সমাজকল্যাণ বার্তা' ডিসেম্বর/২০১৬




জাতীয় সমাজসেবা দিবস এর প্রতিপাদ্য 'সমাজসেবার উদ্ভাবন এবার সেবায় ডিজিটাইজেশন প্রচারে: সমাজসেবা অধিদফতর, সমাজকল্যাণ মন্ত্রণালয়' বেসরকারী স্যাটেলাইট চ্যানেলের টিভি স্ক্রলে প্রচার




সমাজসেবার ৬১ বছর উদযাপন উপলক্ষে স্মরণিকা







*নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক অনুষ্ঠানে অতিথিবৃন্দ*

০৩ ফেব্রুয়ারি ২০১৭ মন্ত্রিপরিষদ বিভাগ, প্রধানমন্ত্রী কার্যালয়ের এটুআই প্রোগ্রাম এবং সমাজসেবা অধিদফতরের যৌথ উদ্যোগে 'নাগরিক সেবায় উদ্ভাবন' বিষয়ক চলমান সমাজসেবা অধিদফতরের ৩৫টি উদ্ভাবনী উদ্যোগ এর অগ্রগতি সংশ্লিষ্ট Workshop on Innovation in Department of Social Services: Capturing Best Practices Best Practices শীর্ষক এক বর্ণাঢ্য ইনোভেশন প্রদর্শনী দিনব্যাপী সমাজসেবা অধিদফতর মিলনায়তনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরী, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মন্ত্রী পরিষদ বিভাগের সচিব (সমন্বয় ও সংস্কার) এন এম জিয়াউল আলম, সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব মোঃ জিল্লার রহমান, যুব ও ক্রিড়া মন্ত্রণালয়ের সচিব কাজী আক্তার উদ্দিন। উক্ত অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রী কার্যালয়ের এটুআই প্রোগ্রামের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ। অনুষ্ঠানের শুরুতে প্রধান অতিথিসহ অন্যান্য অতিথিবৃন্দের নিকট ইনোভেশন প্রদর্শনীর একটি সংক্ষিপ্ত বিবরণী উপস্থাপন করেন অধিদফতরের ইনোভেশন অফিসার ও পরিচালক (কার্যক্রম) আবু মোহাম্মদ ইউসুফ। প্রধান অতিথিসহ অন্যান্য অতিথিবৃন্দ প্রতিটি স্টল পরিদর্শন করেন এবং একই সাথে ইনোভেটরগণের ইনো আইডিয়ার উপস্থাপনাসহ তাদের অভিজ্ঞতা বিনিময় করেন। অতঃপর এটুআই প্রোগ্রামের ক্যাপাসিটি ডেভেলোপমেন্ট স্পেশালিষ্ট মানিক মাহমুদ এর উপস্থাপনায় মহাপরিচালক সমাজসেবা অধিদফতর গাজী মোহাম্মদ নূরুল কবির এর সভাপতিত্বে অংশগ্রহণমূলক একটি সংক্ষিপ্ত মতবিনিমত সভা অনুষ্ঠিত হয়।

**৩৫টি ইনো আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ :**

**স্টল নং : ১**

| | | |
|---|---|---|
| ১. ইনোভেশন আইডিয়া | : | বুক কিপিং। |
| ইনোভেটর | : | মোঃ জিল্লুর রহমান উপজেলা সমাজসেবা অফিসার, সদর রাজবাড়ি। |
| সমস্যা | : | ছিড়ে যাওয়া, নষ্ট হওয়া, পুড়ে যাওয়ার এবং হারিয়ে যাওয়া ভাতা বই এর ডুপ্লিকেট বই ইস্যুকরণের জটিল প্রক্রিয়া। |
| গৃহিত ইনো কার্যক্রম | : | লেমিনেটিংকৃত ভাতার বই বিতরণ। এতে ভাতাভোগী ভোগান্তী মুক্ত হন। |
| অতিথিদের পরামর্শ | : | অতিথিবৃন্দ প্রক্রিয়াটি চলমান রাখার বিষয়ে পরামর্শ প্রদান করেন। |
| ২. ইনোভেশন আইডিয়া | : | ই-ভাতা। |
| ইনোভেটর | : | এ কে আজাদ ভূঞা, সমাজসেবা অফিসার, জৈন্তাপুর, সিলেট। |
| সমস্যা | : | ভাতা উত্তোলনে প্রতিবন্ধী ব্যক্তির যাতায়াত সমস্যা, দীর্ঘ লাইনে দাঁড়িয়ে থাকার অসুবিধা, ব্যাংক থেকে টাকা পাওয়ার সঠিক তারিখ না জানার তথ্যের অভাব। |
| গৃহিত ইনো কার্যক্রম | : | মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রতিবন্ধী ভাতাভোগী তাঁর সুবিধামতো উপায়ে টিসিভি হ্রাস করে টাকা উত্তোলন করতে পারবেন। |
| অতিথিদের পরামর্শ | : | ভাতাভোগীগণের একটি স্বচ্ছ ডেটাবেজ তৈরীপূর্বক মনিটরিং কার্যক্রম জোড়দাড়করণের বিষয়ে পরামর্শ প্রদান করা হয়। |

**স্টল নং : ২**

| | | |
|---|---|---|
| ৩. ইনোভেশন আইডিয়া | : | এ্যাপ "রোগী কল্যাণ সমিতি"। |
| ইনোভেটর | : | আদিল মোত্তাকিম, উপপরিচালক, মৌলভীবাজার এবং হারুনুর রশিদ, সমাজসেবা অফিসার বাসাইল |
| সমস্যা | : | প্রচারণার অভাব। |
| গৃহিত ইনো কার্যক্রম | : | সমাজসেবা অধিদফতরের সকল রোগী কল্যাণ সমিতির পূর্ণাংগ যোগাযোগ তথ্যসহ মোবাইল এ্যাপ তৈরি এবং এর মাধ্যমে Upazila পর্যায়ের হাসপাতাল সমাজসেবা কার্যক্রম সহজীকরণ এবং সহায়তা প্রদান। |
| অতিথিদের পরামর্শ | : | স্থানীয় জনগণের আর্থিক সহায়তা এবং সরকারি ফান্ড এর সঠিক ব্যবহারের মাধ্যমে অসহায়, দুঃস্থ মানুষের পাশে বলিষ্ঠভাবে দাঁড়ানোর বিষয়ে গুরুত্ব প্রদান করা হয়। |
| ৪. ইনোভেশন আইডিয়া | : | মুঠোফোনে সমাজসেবা অ্যাপ MyDSS |
| ইনোভেটর | : | সোমা ইউসুফ, গবেষণা ও প্রকাশনা কর্মকর্তা, সমাজসেবা অধিদফতর। |
| সমস্যা | : | সেবাগ্রহিতা তাঁর নিজ অবস্থান থেকে নিকটস্থ সমাজসেবা অফিসের অবস্থানসহ সংশ্লিষ্ট অফিসের সাথে যোগাযোগ স্থাপন করতে না পারায় কাঙ্ক্ষিত সেবা প্রাপ্তিতে বিলম্ব। |
| গৃহিত ইনো কার্যক্রম | : | সমাজসেবা অধিদফতরাধীন সকল অফিস এবং প্রতিষ্ঠানের ঠিকানা, সংশ্লিষ্ট কার্যালয়ের কর্মকর্তা/কর্মকর্তাগণের বিজিনেস মোবাইল সীম নম্বর, ওয়েব মেইল অ্যাড্রেস, অফিস লোকেশনসহ পূর্নাঙ্গ যোগাযোগ তথ্য প্রদান। |
| অতিথিদের পরামর্শ | : | অধিক কার্যকরী করার জন্য পূর্ণাঙ্গ রূপদানের পরামর্শ প্রদান করা হয় এবং অভিবাদন জানানো হয়। |

**স্টল নং : ৩**

| | | |
|---|---|---|
| ৫. ইনোভেশন আইডিয়া | : | UTC "দক্ষ জনসম্পদ তৈরিতে শহর সমাজসেবা কার্যালয়ের মাধ্যমে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র"। |
| ইনোভেটর | : | মোহাঃ কামরুজ্জামান, উপপরিচালক, ইউসিডি, সমাজসেবা অধিদফতর। |
| সমস্যা | : | ইউসিডি কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ কেন্দ্র থেকে সনদপত্র প্রদান করা হত তার জাতীয় কোন গ্রহণযোগ্যতা না থাকা। |
| গৃহিত ইনো কার্যক্রম | : | কারিগরি বোর্ড কর্তৃক সনদপত্র প্রদানের উদ্যোগ এবং স্বীকৃতি। |
| অতিথিদের পরামর্শ | : | এনটিবিকিউএফ কর্তৃক প্রশিক্ষণার্থীর স্ট্যান্ডার্ড কোন পর্যায়ে আছে পরীক্ষা করে নেয়ার পরামর্শ প্রদান করা হয়। |
| ৬. ইনোভেশন আইডিয়া | : | "প্রজন্ম বাঁচাই" শিশু সুরক্ষা একটি সামাজিক আন্দোলন। |
| ইনোভেটর | : | আমান উলাহ আমান, সমাজসেবা অফিসার, টংগী। |

সমস্যা : সমাজসেবা অধিদফতর কর্তৃক পরিচালিত প্রতিষ্ঠানের বাইরে সমাজের যেসব সুবিধাবঞ্চিত শিশু রয়েছে তাঁরা সমাজের মূলস্রোতের বাইরে থেকে যাওয়া।

গৃহিত ইনো কার্যক্রম : পাড়া বা মহল্লায় শিশু প্রতিনিধি সমন্বয়ে শিশু সুরক্ষা বিষয়ক কমিটি গঠন করে সুবিধাবঞ্চিত শিশু চিহ্নিত করে তাদেরকে কেস ম্যানেজমেন্টের মাধ্যমে পাইলট ভিত্তিতে সমাজসেবা কর্তৃক পরিচালিত সেবার আওতায় নিয়ে আসা।

অতিথিদের পরামর্শ : এ বিষয়ে বিভিন্ন কমিউনিটিতে কাউন্সিলিং কার্যক্রম বৃদ্ধির পরামর্শ প্রদান করা হয়।

**স্টল নং : ৪**

৭. ইনোভেশন আইডিয়া : স্বপ্ন পূরণ বক্স শিশুদের মনোসামাজিক উন্নয়নের মাধ্যম।

ইনোভেটর : রুবাইয়াত মোঃ ফেরদৌস, উপপরিচালক, রাজবাড়ি।

উদ্যোগটি কেন : সরকারি শিশু পরিবারের নিবাসী শিশুদের মনের ইচ্ছা/স্বপ্ন এর বাস্তবায়নের মাধ্যমে শিশুর মানসিক বিকাশে সহায়তা।

গৃহিত ইনো কার্যক্রম : প্রতিষ্ঠানে অবস্থানরত শিশুর স্বপ্ন পূরণ বক্সে চিরকুট জমা প্রদানের পরে স্বপ্ন সংগ্রহ এবং বিশ্লেষণপূর্বক কার্যকর ও বাস্তবায়ন করে শিশুর স্বপ্ন পূরণ করা হয়।

অতিথিদের পরামর্শ : অর্জিত অভিজ্ঞতা থেকে শিশুর মনোসামাজিক উন্নয়নে প্রয়োজনীয় কার্যকরী পদক্ষেপ গ্রহণ করার পরার্মশ প্রদান করা হয়।

৮. ইনোভেশন আইডিয়া : সরকারি শিশু পরিবারের শিশুদের অভিভাবকদের জন্য পরিচয়পত্র (GID) প্রদান।

ইনোভেটর : বেগম রোকেয়া, সমাজসেবা অফিসার, খাগড়াছড়ি।

সমস্যা : সমাজসেবা অধিদফতর কর্তৃক পরিচালিত প্রতিষ্ঠানের নিবাসীদের অভিভাবকের কোন পরিচয় পত্র না থাকায় যে কেউ অভিভাবকের পরিচয় দিয়ে নিবাসীকে বাড়ী বা বাইরে নিয়ে যেতে পারতো যা নিবাসীর জন্য নিরাপদ নাও হতে পারে।

গৃহিত ইনো কার্যক্রম : অভিভাকদের জাতীয় পরিচয় পত্রর নম্বর সম্বলিত একটি পরিচয় পত্র প্রদান করা হয়। ফলে শিশুর সার্বিক নিরাপত্তা নিশ্চিত হচ্ছে।

অতিথিদের পরামর্শ : অভিভাবক পরিচয়পত্রের যেন কোন ধরণের অপব্যবহার না হয় সে দিকে লক্ষ্য রাখার বিষয়ে পরামর্শ প্রদান করা হয়।

**স্টল নং : ৫**

৯. ইনোভেশন আইডিয়া : বেসরকারি ক্যাপিটেশন গ্র্যান্ট ম্যানেজমেন্ট এবং কেস ম্যানেজমেন্ট সিস্টেম অনুদান (অনুদান ব্যবস্থাপনা)

ইনোভেটর : মোঃ সাজ্জাদুল ইসলাম, উপপরিচালক, সমাজকল্যাণ মন্ত্রণালয় (সংযুক্ত)।

সমস্যা : ৩৫০০টি রেজিস্টার্ড এতিমখানায় কেপিটেশন গ্রান্ট দেয়া হয় ৭২০০০ উপকারভোগীকে যা মেনুয়ালি করা হয় এবং প্রায় ০৭ মাস সময় লাগে।

গৃহিত ইনো কার্যক্রম : এটুআই প্রোগ্রামের সার্ভিস ইনোভেশন ফান্ড এর অর্থায়নে সিস্টেম ডেভেলোপমেন্ট প্রক্রিয়াধীন।

অতিথিদের পরামর্শ : পাইলট থেকে অর্জিত জ্ঞান Concept এর মাধ্যমে কার্যকরী সিস্টেম প্রস্তুত করে দ্রুত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পরার্মশ প্রদান করা হয়।

১০. ইনোভেশন আইডিয়া : র‌্যাপিড কন্ট্রাক্ট ম্যানেজমেন্ট সল্যুউশন

ইনোভেটর : মোহাম্মদ রেজাউর রহমান, সহকারী পরিচালক (অর্থ), সমাজসেবা অধিদফতর।

সমস্যা : মোবাইল ফোনে একটি নম্বর সেভ করতে প্রায় ০১/০২ মিঃ সময় লাগে সে হিসেবে একটি দপ্তরের সকল ইউনিট অফিসের প্রায় ১২৮২ জনের নম্বর সেভ করতে প্রায় ১৩০০ মিনিট বা ২১ ঘন্টা সময় লাগে।

গৃহিত ইনো কার্যক্রম : ১০০৬টি অফিসের ১২৮২ জন অফিসারের পদের বিপরীতে টেলিফোন নম্বরগুলো রয়েছে যা মাত্র ৩ মিনিটে যে কোন মোবাইলে ইন্সটল করা যায়।

অতিথিদের পরামর্শ : ইনোভেটরের উদ্যোগ এর উপস্থাপনা পর্যবেক্ষণ এবং সাধুবাদ জানানো হয়।

**স্টল নং : ৬**

১১. ইনোভেশন আইডিয়া : ওয়ান ইউসিডি ওয়ান নিউ ট্রেড, নারীর ক্ষমতায়নে বিকল্প কর্মসংস্থান (বিউটিপার্লার)।

ইনোভেটর : নুরুল হুদা, সমাজসেবা অফিসার, (ইউসিডি) ফরিদপুর।

সমস্যা : শহর সমাজসেবা কার্যালয়ের দক্ষতা উন্নয়ন কেন্দ্রের নারীর ক্ষমতায়নে বিকল্প কর্মসংস্থান না থাকা।

গৃহিত ইনো কার্যক্রম : নারীর ক্ষমতায়নে ইউসিডি ইউনিটের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রে বিউটি পার্লার নামে ট্রেড চালু করণ।

অতিথিদের পরামর্শ : প্রশিক্ষণের জন্য ব্যবহৃত প্রসাধনসামগ্রীর গুনগত মান নিশ্চিকরণের বিষয়ে গুরুত্ব প্রদান করা হয়।

১২. ইনোভেশন আইডিয়া : শহর সমাজসেবা কার্যালয়ে প্রশিক্ষণ কার্যক্রমে ভর্তি সহজীকরণ এবং কর্মসংস্থানে সহায়তা প্রদান।

ইনোভেটর : সাদিকুর রহমান, সমাজসেবা অফিসার (ইউসিডি) নীলফামারী।

সমস্যা : ভর্তি প্রক্রিয়ায় দীর্ঘসূত্রতা, দীর্ঘ লাইনে দাঁড়িয়ে ভর্তি ফরম জমা প্রদান, ক্লাস শুরুর তারিখ এবং বিজ্ঞপ্তি যথাসময়ে না জানা এবং প্রশিক্ষণ শেষে কর্মসংস্থানের ব্যবস্থা না থাকায় হতাশাগ্রস্ত হওয়া।

গৃহিত ইনো কার্যক্রম : ওয়েব সাইট এবং ফেজবুক পেজ খোলা, এসএমএস প্রদানের ব্যবস্থা করা, বাৎসরিক ক্যালেন্ডারের তৈরি করা, মেন্যুয়াল এবং অনলাইনে ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ ও আবেদন গ্রহণ, এসএমএস এর মাধ্যমে তথ্য প্রদান করা, আউটসোর্সিং বা কর্মসংস্থানে সহায়তা করা।

অতিথিদের পরামর্শ : পাইলট ফলাফল বিশ্লেষণ করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার পরার্মশ প্রদান করা হয়।

**স্টল নং : ৭**

১৩. ইনোভেশন আইডিয়া : বিকল্প ব্যবস্থাসমূহের বাস্তবায়ন সহজিকরণ (আইনের সংস্পর্শে ও সংঘর্ষে জড়িত শিশুর ভোগান্তি, হয়রানি লাঘব এবং সেবাপ্রাপ্তি সহজিকরণ)।

ইনোভেটর : রওশানা আরা লাইজু, সহকারী পরিচালক (প্রবেশন), সমাজসেবা অধিদফতর।

সমস্যা : বিচারবিভাগ, প্রশাসন, পুলিশ, সমাজসেবা অধিদফতর সচেতন কেস ম্যানেজমেন্ট না হওয়ায় সংশ্লিষ্ট শিশুটি সেবা বঞ্চিত হচ্ছে, সর্বত্তোম স্বার্থটি রক্ষিত হচ্ছে না।

গৃহিত ইনো কার্যক্রম : জেলায় সংশ্লিষ্ট সকল পক্ষ থেকে কর্মশালা করা, থানায় নিয়মিত মিটিং করা এবং প্রতিটি শিশুকেই কেস ব্যবস্থাপনার আওতায় এনে বিকল্প ব্যবস্থায় ফিরিয়ে আনা। প্রতিষ্ঠান নয় পরিবারই হবে সর্বোত্তোম স্বার্থ রক্ষায় আশ্রয় স্থল। যদিও শিশুটিকে প্রতিষ্ঠানে যেতে হয় তাহলে তা হবে শর্তসাপেক্ষে।

অতিথিদের পরামর্শ : শিশুরা যখন আইনের সংস্পর্শে আসে তখন তাকে সাপোর্ট দেয়ার মতো কেউ থাকে না। এক্ষেত্রে প্রবেশন অফিসার শিশুটির সার্বিক অভিভাবকের ভূমিকায় এগিয়ে আসার নির্দেশনা প্রদান করা হয়।

১৪. ইনোভেশন আইডিয়া : মেধা লালন-প্রতিষ্ঠানের ১৮ বয়স উর্ধ্ব মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা সহায়তা।

ইনোভেটর : এমএম মাহমুদুল্লাহ, উপপরিচালক (প্রতিষ্ঠান-২), সমাজসেবা অধিদফতর।

সমস্যা : সমাজসেবা অধিদফতরের প্রতিষ্ঠানের নিবাসীদের ১৮ বছর পূর্ণ হলে নিবাসীদের প্রতিষ্ঠান ত্যাগ করতে

হয় ফলে মেধাবী নিবাসীর উচ্চ শিক্ষা গ্রহণের পথটি অনিশ্চিত হয়ে যায়, কখনও এই মেধাবী নিবাসীরা ঝড়ে যায়।

গৃহিত ইনো কার্যক্রম : আর্থিক অনুদান সংগ্রহকল্পে ১৮ উর্দ্ধ মেধাবী নিবাসীদের উচ্চ শিক্ষা গ্রহণে গ্রহিত প্রকল্প।

অতিথিদের পরামর্শ : প্রকল্প গ্রহণে সচেষ্ট হওয়ার বিষয়ে পরামর্শ প্রদান করা হয়।

**স্টল নং : ৮**

১৫. ইনোভেশন আইডিয়া : ডিজিটাল ভাতা ব্যবস্থাপনা সিস্টেম "ভাতা"।

ইনোভেটর : মোঃ জহিরুল ইসলাম, প্রভাষক, জাতীয় সমাজসেবা একাডেমি।

সমস্যা : বরাদ্দ প্রস্তুত ও ছাড়করণ, ভাতা সুবিধাভোগীর ব্যাংক হিসাবে স্থানান্তরের দীর্ঘসূত্রতা, ট্রাংকিং ভাতার আবেদনের অনলাইন, পেমেন্ট ইত্যাদির সকল মন্ত্রণালয়ের সকল ভাতার একই প্লাটফরম না থাকা।

গৃহিত ইনো কার্যক্রম : এটুআই কারিগরি ও আর্থিক সহযোগিতায় এটি টাংগাইল জেলার ১২ টি উপজেলা ও ০১টি ইউসিডিসহ ০৩টি মন্ত্রণালয়ের প্রায় ৪০টি অফিস, ০৫ ব্যাংকের ১২৫টি শাখার সমন্বয়ে পাইলট সম্পন্নের মাধ্যমে প্রুফ অব কনসেপ্ট করা হয় এর বৃহৎ পরিসরে বাস্তবায়নের জন্য MIS ডেভেলোপ করা সম্পন্ন হয়েছে এবং ডাটা এন্ট্রি চলমান।

অতিথিদের পরামর্শ : প্রধান অতিথি জেলা প্রশাসক, টাংগাইল এবং মহাপরিচালক সমাজসেবা অধিদফতর এর প্রদত্ত রিয়েল টাইম প্রতিবেদন দেখেন এবং সিস্টেম দ্বারা ই-পেমেন্ট বিষয়ে পাইলট করার পরার্মশ প্রদান করেন।

১৬. ইনোভেশন আইডিয়া : ETMS (অনলাইন ট্রেনিং এ্যাপ্লিকেশন, রেজিষ্ট্রেশন, ইভালুয়েশন, আবাসিক সিট বুকিং, আর্কাইভ এবং ই-লার্নিং)।

ইনোভেটর : মোঃ জহিরুল ইসলাম, প্রভাষক, জাতীয় সমাজসেবা একাডেমি। মোশারফ হোসেন, সমাজসেবা অফিসার, ইউসিডি-৩, ঢাকা।

সমস্যা : প্রশিক্ষণ রেজিস্ট্রেশন মেন্যুয়ালি করা হত যাতে প্রায় ০৫ ঘন্টা সময় ব্যয় হয় এবং একই কর্মকর্তা বার বার টেনিং পেত আবার কোন কোন কর্মকর্তা একবারও ট্রেনিং পেত না। কোন কর্মকর্তা কোন বিষয়ে প্রশিক্ষণ পেয়েছে তার সঠিক পরিসংখ্যান থাকতো না। ডরমেটরির আবাসিক সিট বুকিং এর অনলাইন রেজিস্ট্রেশন না থাকায় কোন রুম খালি তা জানা যেতো না।

গৃহিত ইনো কার্যক্রম : ইলেক্ট্রনিক ট্রেনিং ম্যানেজমেন্ট এর মাধ্যমে ৩০ মিনিটের মাধ্যমে অনলাইনে রেজিস্ট্রেশন করা হচ্ছে ফলে মাসে ২০ ঘন্টা বছরে ২৪০ ঘন্টা যা দিয়ে ৩৫০ জনকে ১০ ব্যাচে অতিরিক্ত প্রশিক্ষণ প্রদান করা যাবে। পূর্বে যেখানে বছরে সকল ১২৮ জন প্রশিক্ষণ গ্রহণ করেছে সেখানে এই সিস্টেম পাইলট কালে ০৬ মাসেই প্রায় ৩৯৭ জন ট্রেনিং এর সুযোগ পেয়েছেন এবং ঘরে বসেই কোন কর্মকর্তা অনলাইন রেজিস্ট্রেশন করে ডরমেটরির আবাসিক সিট বুকিং করতে পারেন।

অতিথিদের পরামর্শ : সিস্টেমটিতে দূর প্রশিক্ষণ, ই-*এক্সাম*, ই-সার্টিফিকেট ব্যবস্থা রাখাসহ এটুআই এর মুক্তপাঠকে সম্পৃক্ত করার পরার্মশ প্রদান করা হয়।

১৭. ইনোভেশন আইডিয়া : "ফেরা" হারানো মানুষের আপন ঠিকানায় ফেরার ই-প্লাটফরম।

ইনোভেটর : বশিরুল ইসলাম, সমাজসেবা অফিসার, কার্যক্রম-২, সমাজসেবা অধিদফতর।

সমস্যা : হারানো ব্যক্তি/শিশুর পরিবার মাইকিং, প্রচার মাধ্যমে বিজ্ঞপ্তি এর মাধ্যমে খোজার চেষ্টা করে থাকেন। হারানো ব্যক্তি/শিশু পাওয়া গেলেও সঠিক অভিভাবক এর তথ্যের অভাবে হারিয়ে যাওয়া ব্যক্তি সঠিক সময়ে আপন ঠিকানায় ফিরতে পারে না।

গৃহিত ইনো কার্যক্রম : ই-প্লাটফর্ম 'ফেরা' নামক ওয়েব পেইজে অনুসন্ধান বিজ্ঞপ্তি, হারানো বিজ্ঞপ্তি, অভিভাবক চাই বিজ্ঞপ্তি প্রদান করা যাবে আবার হারানো ব্যক্তির অভিভাবক অনুসন্ধান বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে যা ম্যাচ করলে একটি অটো নোটইফকেশন আসবে। এভাবে ০৬ জনকে তাদের আপন ঠিকানায় ফেরত প্রদান করা হয়েছে।

অতিথিদের পরামর্শ : সমাজসেবা অফিসার, প্রবেশন অফিসার, পুলিশ প্রশাসনের সাথে নিবিড় One to One সম্পর্ক গড়ার বিষয়ে গুরুত্ব প্রদান করা হয়।

১৮. ইনোভেশন আইডিয়া : ই-লার্নিং সেন্টার।

ইনোভেটর : মোঃ জহিরুল ইসলাম, প্রভাষক, জাতীয় সমাজসেবা একাডেমি।

সমস্যা : দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থীর প্রযুক্তি নির্ভর শিক্ষা ব্যবস্থা না থাকা।

গৃহিত ইনো কার্যক্রম : এটুআই এর আর্থিক সহযোগিতায় ০৬টি ই-লার্নিং সেন্টার চালু এবং এটুআই এর মাল্টিমিডিয়া বুক ব্যবহার পাইলট সম্পন্ন।

অতিথিদের পরামর্শ : পাইলট বিশ্লেষণ পূর্বক দেশের সকল সমন্বিত দৃষ্টি প্রতিবন্ধী বিদ্যালয়ে চালুর পরার্মশ প্রদান করা হয়।

১৯. ইনোভেশন আইডিয়া : ডিজিটাল মানব সম্পদ ব্যবস্থাপনা।

ইনোভেটর : রকিব আহমেদ, সহকারী পরিচালক (প্রশাসন-১) এবং মোঃ জহিরুল ইসলাম, প্রভাষক, জাতীয় সমাজসেবা একাডেমি।

সমস্যা : ১২০০০ কর্মকর্তার কোন ডেটাবেজ নেই ফলে প্রয়োজনে তাৎক্ষণিক ভাবে কোন কর্মকর্তার সঠিক তথ্য প্রদান করা যায় না।

গৃহিত ইনো কার্যক্রম : সিস্টেম ডেভেলোপমেন্ট করে পাইলট শুরু করা হবে। সিস্টেমে ইউজারের এলার্ট এসএমএস এবং ই-মেইল ব্যবস্থা থাকবে।

অতিথিদের পরামর্শ : দ্রুত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের পরার্মশ প্রদান করা হয়।

**স্টল নং : ৯**

২০. ইনোভেশন আইডিয়া : RMS "আরএসএস ব্যবস্থাপনা সহজিকরণ"।

ইনোভেটর : মোঃ শহিদুল ইসলাম, উপপরিচালক (কার্যক্রম-১), সমাজসেবা অধিদফতর।

সমস্যা : এ কার্যক্রমে পূর্বে ৩০টি ধাপ অতিক্রম করতে হতো, ৪ থেকে ৫ বার যাতায়াত করতে হতো যা টিসিভি বৃদ্ধি পেতো।

গৃহিত ইনো কার্যক্রম : কার্যক্রম সহজিকরণে মাইক্রোক্রেডিট ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার তৈরি। এতে করে মাত্র ৯টি ধাপে যাতায়াত ব্যতিত ঘরে বসে একজন সেবা গ্রহিতা সুদমুক্ত ক্ষুদ্রঋণ এর টাকা পাবেন।

অতিথিদের পরামর্শ : দ্রুত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের পরার্মশ প্রদান করা হয়।

২১. ইনোভেশন আইডিয়া : ম্যাজিক ব্যালেন্স।

ইনোভেটর : মোঃ শফি উদ্দিন, সমাজসেবা অফিসার, চান্দিনাইশ, চট্টগ্রাম।

সমস্যা : মূল ঋণ এবং সার্ভিস চার্জের সঠিক হিসাব বের করা কঠিন এবং সময়সাপেক্ষ বিষয়।

গৃহিত ইনো কার্যক্রম : ওয়েব পেজ তৈরি করা হয়েছে যার মাধ্যমে কয়েকটি ফিল্ডে তথ্য দিলে বাকীগুলো অটোমেটিক হিসাব বের হয়ে আসবে। চন্দনাইশে পাইলটিং করে দেখা গেছে একজন স্টাফ ০১ দিনে ৫০টি হিসাবের তথ্য বের করে আনতে পারেন।

অতিথিদের পরামর্শ : বেশ কয়েকটি উপজেলা কার্যালয়ে পাইলট করার পরার্মশ প্রদান করা হয়।

২২. ইনোভেশন আইডিয়া : অনলাইন আবেদনের মাধ্যমে ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড ও জন্মগত হৃদরোগীর আর্থিক সহায়তা(ইএফটি)।

ইনোভেটর : জাহাঙ্গীর কবীর, সমাজসেবা অফিসার (আর.ও), সমাজসেবা অধিদফতর।

সমস্যা : আবেদন এবং সেবা প্রদানের দীর্ঘসূত্রতা।

গৃহিত ইনো কার্যক্রম : অনলাইনে আবেদন করার পরে একটি বার কোড পড়বে এবং জেলা অফিস থেকে প্রাপ্ত প্রাপ্তি স্বীকার পত্রটি দিয়ে আবেদনকারী পরবর্তীতে ট্র্যাকিং করতে পারবেন তার আবেদনটি কোন পর্যায়ে আছে। এক্ষেত্রে সময়মতো চারটি কিস্তিতে টাকা হস্তান্তর করা সম্ভব হবে। সিস্টেম ডেভেলোপমেন্ট সম্পন্ন।

অতিথিদের পরামর্শ : দ্রুত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের পরার্মশ প্রদান করা হয়।

২৩. ইনোভেশন আইডিয়া : ই-রিক্রুটমেন্ট (অনলাইন জব এ্যাপ্লিকেশন সফটওয়্যারের মাধ্যমে ৩য় ও ৪র্থ শ্রেণীর জনবল নিয়োগ সহজিকরণ)।

ইনোভেটর : মোঃ সাফায়েত হোসেন তালুকদার, অধ্যক্ষ, জাতীয় সমাজসেবা একাডেমি।

সমস্যা : নিয়োগ প্রক্রিয়া মেন্যুয়াল পদ্ধতির ফলে সময় অপচয়।

গৃহিত ইনো কার্যক্রম : অনলাইনভিত্তিক ই-রিক্রুটমেন্ট চালুকরণ। এতে করে আবেদনকারী পরীক্ষার আবেদন প্রবেশপত্র, পরীক্ষার ফি গ্রহণ, পরীক্ষার তারিখ, কেন্দ্র এবং মূল্যায়ন পরবর্তী ফলাফল মোবাইলে এসএমএস এ প্রেরণ করা হবে।

অতিথিদের পরামর্শ : উদ্যোগটি শীঘ্রই চালুকরণের বিষয়ে পরামর্শ প্রদান করা হয়।

**স্টল নং : ১০**

২৪. ইনোভেশন আইডিয়া : সরকারি শিশু পরিবারের শিক্ষার্থীদের জন্য কোচিং সাইকেল প্রবর্তন।

ইনোভেটর : আবু সালেহ মোহাম্মদ আলী আহসান, উপপরিচালক, ফরিদপুর।

সমস্যা : উচ্চ শ্রেণীর ছাত্র-ছাত্রীদের মধ্য হতে বাছাইকৃতদের মাধ্যমে ক্লাসের ক্রমানুসারে নিম্ন স্তরের ছাত্র-ছাত্রীদের পড়াশোনা করানোর একটি আধুনিক কৌশল।

গৃহিত ইনো কার্যক্রম : সরকারি শিশু পরিবারের প্রতিষ্ঠানের নিবাসীদের পড়াশোনার দিকে যেমন উন্নয়ন হচ্ছে, তেমনি নিবাসীদের সময়জ্ঞান, পারস্পরিক সম্মানবোধ, ব্যয় হ্রাস ইত্যাদি ব্যাপকভাবে বৃদ্ধি পাচ্ছে।

অতিথিদের পরামর্শ : উদ্যোগটি স্বার্থক করে তোলার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের পরার্মশ প্রদান করা হয়।

২৫. ইনোভেশন আইডিয়া : প্রতিষ্ঠানে শিশু দিবস ও অভিভাবকের সাথে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে মনো-সামাজিক উন্নয়ন।

ইনোভেটর : ঝর্ণা জাহিন, উপতত্ত্বাবধায়ক, তেজগাঁও শিশু পরিবার

সমস্যা : প্রতিষ্ঠানে নিবাসীদের অপ্রীতিকর ঘটনা মানসিক বিকাশে বাধাগ্রস্ত হওয়া।

গৃহিত ইনো কার্যক্রম : সপ্তাহে একদিন নিবাসী দিবস পালন করা এবং একই দিন তাদের পিতা-মাতার সাথে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে যোগাযোগ স্থাপন করে নিবাসীর মানসিক বিকাশে সহায়তা প্রদান করা।

অতিথিদের পরামর্শ : উদ্যোগটি স্বার্থক করে তোলার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের পরার্মশ প্রদান করা হয়।

**স্টল নং : ১১**

২৬. ইনোভেশন আইডিয়া : Digitization in DSS : Nothi

ইনোভেটর : উপস্থাপনায় : রুহুল আমিন বাশীর, সমাজসেবা অফিসার, সমাজসেবা অধিদফতর।

সমস্যা : ফাইলের মেন্যুয়াল পদ্ধতির ফলে অর্থ, সময় অপচয়।

গৃহিত ইনো কার্যক্রম : ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকল্পে ই-ফাইলিং (নথি) সিস্টেম। বর্তমানে সদর দফতরসহ ৬৪ টি জেলা এবং ১২২ টি উপজেলা ই-ফাইলিং (নথি) সিস্টেম এ লাইভে আছে ।

অতিথিদের পরামর্শ : উদ্যোগের উপস্থাপনা পর্যবেক্ষণ করা হয় এবং অভিবাদন জানানো হয়।

২৭ ইনোভেশন আইডিয়া : টোল ফ্রি চাইল্ড হেল্প লাইন ১০৯৮

ইনোভেটর : সিএসপিবি প্রকল্প এবং সমাজসেবা অধিদফতর।

সমস্যা : শিশু অধিকার লঙ্ঘন, নির্যাতন, নিগ্রহ বা সামাজিক নিরাপত্তা ব্যাহত।

গৃহিত ইনো কার্যক্রম : মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২৭ অক্টোবর তাঁর সরকারি বাসভবন গণভবনে ভিডিও কনফারেন্সের মাধ্যমে শিশু সুরক্ষা বিষয়ক 'চাইল্ড হেল্পলাইন ১০৯৮' উদ্বোধন করেন। দেশের যেকোনো প্রান্ত থেকে যেকোনো মোবাইল ফোন অপারেটরের মাধ্যমে যে কেউ বিনামূল্যে '১০৯৮' নম্বরে ফোন করে শিশু অধিকার লঙ্ঘন, নির্যাতন, নিগ্রহ বা সামাজিক নিরাপত্তা ব্যাহত হওয়ার ঘটনা এবং শিশুদের সুরক্ষার বিষয়ে তথ্য জানাতে পারবে। প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা নেবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।

অতিথিদের পরামর্শ : উদ্যোগের উপস্থাপনা পর্যবেক্ষণ করা হয় এবং অভিবাদন জানানো হয়।

**স্টল নং : ১২**

২৮. ইনোভেশন আইডিয়া : Digitization in DSS : Management Information System (MIS)

ইনোভেটর : উপস্থাপনায় : ফরিদ আহমেদ মোল্লা, উপপরিচালক, সমাজসেবা অধিদফতর।

সমস্যা : কার্যকর ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম এমআইএস পূর্বে ছিল না। ফলে কার্যকর জি টু পি সেবা প্রদান করায় বাধাগ্রস্ত।

গৃহিত ইনো কার্যক্রম : সরকারের মূল লক্ষ্য বাস্তবায়নে ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম এমআইএস এর বিকল্প নেই। ইতোমধ্যে ২৭ লক্ষ ভাতাভোগীর ডাটা এন্ট্রি হয়েছে।

অতিথিদের পরামর্শ : উদ্যোগের উপস্থাপনা পর্যবেক্ষণ করা হয় এবং অভিবাদন জানানো হয়।

২৯. ইনোভেশন আইডিয়া : Graduation Scheme-সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতাধীন কর্মক্ষম উপকারেভোগীদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ এবং আর্থিক সহায়তার মাধ্যমে স্বাবলম্বীকরণ।

ইনোভেটর : ফরিদ আহমেদ মোল্লা, উপপরিচালক, সমাজসেবা অধিদফতর।

সমস্যা : ভাতাভোগীদের কর্মক্ষম জনগণ উন্নয়ন কর্মকান্ডে অংশগ্রহণ করতে পারছে না।

গৃহিত ইনো কার্যক্রম : সামাজিক নিরাপত্তা কর্মসূচির সুবিধাভোগীদের মধ্যে যারা কর্মক্ষম আছে তাদেরকে স্থানীয় চাহিদার ভিত্তিতে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান ও সুষ্ঠু কর্ম পরিবেশের মাধ্যমে ফলোআপ করা যায় তাহলে নিজেরা যেমন স্বাবলম্বী হবে তেমনি অন্যরাও উৎসাহিত হবে।

অতিথিদের পরামর্শ : নিড বেজ সার্ভে করে দ্রুত পাইলট করার পরার্মশ প্রদান করা হয়।

*১ অক্টোবর আন্তর্জাতিক প্রবীণ দিবস*

**স্টল নং : ১৩**

৩০. ইনোভেশন আইডিয়া : Digitization in DSS : Disability Information System (DIS)

ইনোভেটর : উপস্থাপনারয় : আবু অবদুল্লাহ মোঃ ওয়ালীউল্লাহ, উপপরিচালক (নিবন্ধন ও নিয়ন্ত্রণ)।

সমস্যা : প্রতিবন্ধী ব্যক্তির প্রতিবন্ধিতার মাত্রা নির্ধারণ, ধরণ চিহ্নিতকরণ এবং কারণ নির্দিষ্টপূর্বক সঠিক পরিসংখ্যাণের অভাব।

গৃহিত ইনো কার্যক্রম : দেশব্যাপী প্রতিবন্ধিতা শনাক্তকরণ জরিপ কর্মসূচি গ্রহণ এবং শনাক্তকৃত ব্যক্তির তথ্য যথাযথভাবে সংরক্ষণ এবং সংরক্ষিত তথ্যের আলোকে প্রতিবন্ধী ব্যক্তির সামগ্রিক উন্নয়ন নিশ্চিতকল্পে পরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে Disability Detection Survey শিরোনামে সফটওয়্যার তৈরি যেখানে ১৫ লক্ষ ১০ হাজার শনাক্তকৃত প্রতিবন্ধী ব্যক্তির তথ্য সংরক্ষিত রয়েছে।

অতিথিদের পরামর্শ : উদ্যোগের উপস্থাপনা পর্যবেক্ষণ এবং অভিজ্ঞতা বিনিময় করা করা হয়।

৩১. ইনোভেশন আইডিয়া : VAMS (স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থা নিবন্ধন ও ব্যবস্থাপনা সহজিকরণ)।

ইনোভেটর : আবু অবদুল্লাহ মোঃ ওয়ালীউল্লাহ, উপপরিচালক (নিবন্ধন ও নিয়ন্ত্রণ)।

সমস্যা : স্বেচ্ছাসেবী সংস্থা নিবন্ধন প্রক্রিয়াটি মেনুয়াল পদ্ধতির ফলে অর্থ, সময় অপচয়।

গৃহিত ইনো কার্যক্রম : ডিজিটাল ডেটাবেজ সিস্টেমে স্বেচ্ছাসেবী সংস্থা অনলাইন নিবন্ধনসহ বিদ্যমান প্রায় ৬০২১৪টি স্বেচ্ছাসেবী সংস্থাকে আরও কার্যকর ভাবে সুপারভিশন এবং মনিরিং করা যাবে।

অতিথিদের পরামর্শ : উদ্যোগের উপস্থাপনা পর্যবেক্ষণ করা হয়।

৩২. ইনোভেশন আইডিয়া : নিরাপদ মাতৃত্ব "নিরাপদ মাতৃত্বের নিশ্চয়তা, এনে দিবে সেরিব্রাল পালসি থেকে মুক্তির বারতা"

ইনোভেটর : আবিদা আফরিন, শহর সমাজসেবা অফিসার, খুলনা।

সমস্যা : অদক্ষ ও অনিরাপদ মাতৃত্ব ফলে সেরিব্রাল পালসি প্রতিবন্ধিতা।

গৃহিত ইনো কার্যক্রম : সরকারি শিশু পরিবারে নিবাসীদের ধাত্রী বিদ্যা প্রশিক্ষণ ও প্রজনন স্বাস্থ্য শিক্ষা দিয়ে নিবাসীদের দক্ষ জনবল তৈরিতে, কর্মসংস্থান সৃষ্টিতে, নিরাপদ মাতৃত্বে ফলে সেরিব্রাল পালসির মতো প্রতিবন্ধিতা হ্রাস পাবে।

অতিথিদের পরামর্শ : প্রুফ অব কনসেপ্ট সম্পন্ন করে প্রাপ্ত ফলাফল বিশ্লেষণপূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য পরার্মশ প্রদান করা হয়।

**স্টল নং : ১৪**

৩৩. ইনোভেশন আইডিয়া : ভি-জয় (মোবাইল কোর্টের মাধ্যমে আটককৃত ভিক্ষুকদের পুর্ণবাসন সহজিকরণ ও নাগরিক সুবিধা প্রদান সহজীকরণ)।

ইনোভেটর : সৈয়দা ফেরদাইস আখতার, অতিরিক্ত পরিচালক, সমাজসেবা অধিদফতর।

সমস্যা : বিদ্যমান কর্মসূচিতে দেখা যায় যারা আশ্রয়কেন্দ্রে যায় তারা কিছুদিন পর ফিরে এসে সেই পুরনো পেশা ভিক্ষাবৃত্তিতেই আবার নিয়োজিত হয়।

গৃহিত ইনো কার্যক্রম : যখন আশ্রয় কেন্দ্রে এরা যাবে তখন তাদের ডেটাবেজ তৈরি করা হবে। পরে যারা ভিক্ষক নয় তাদেরকে পরিবারে ফেরত দেয়া হবে এবং ফলোআপ করা হবে সমাজসেবার বর্তমান সেবা প্রদানের আওতায় নিয়ে আসা হবে। যারা প্রকৃত ভিক্ষুক তাদেরকে মটিভেশন, কাউন্সেলিং, প্রশিক্ষণ দিয়ে আর্থিকভাবে সহায়তা প্রদান করা হবে ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত জনগোষ্ঠীর পুনর্বাসন এবং বিকল্প কর্মসংস্থান কর্মসূচির মাধ্যমে।

অতিথিদের পরামর্শ : প্রুফ অব কনসেপ্ট সম্পন্ন করে প্রাপ্ত ফলাফল বিশ্লেষণপূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য পরার্মশ প্রদান করা হয়।

৩৪. ইনোভেশন আইডিয়া : My Door Sign- ব্রেইল এর মাধ্যমে প্রতিবন্ধি বান্ধব কক্ষ নির্দেশিকা এবং নাম ফলক।

ইনোভেটর : মোহাম্মদ আছাদুজ্জামান, সমাজসেবা অফিসার, সমাজসেবা অধিদফতর।

সমস্যা : অধিদফতরের কক্ষ নির্দেশিকা দৃষ্টি পৃতিবন্ধীবান্ধব না হওয়া।

গৃহিত ইনো কার্যক্রম : ব্রেইল এর মাধ্যমে অধিদফতরের কক্ষ নির্দেশিকা এবং নেইম প্লেট স্থাপনের মাধ্যমে দৃষ্টি পৃতিবন্ধীগণ যারা ব্রেইল বই পড়তে জানেন তাদের অন্যের সাহায্য ছাড়াই সহজে কাজ করতে পারবেন।

অতিথিদের পরামর্শ : উদ্যোগের উপস্থাপনা পর্যবেক্ষণ করা হয় এবং অভিবাদন জানানো হয়।

৩৫. ইনোভেশন আইডিয়া : আলোকিত শিশু একস্ট্রা কারিকুলাম একটিভিটির মাধ্যমে শিশু বিকাশ।

ইনোভেটর : মোহাম্মদ আছাদুজ্জামান, সমাজসেবা অফিসার, সমাজসেবা অধিদফতর।

সমস্যা : অধিদফতরের শিশু পরিবারের নিবাসীদের আত্নবিশ্বাসের ঘাটতি থাকায় নিজেদের সম্মানবোধ কম থাকে অন্যরাও তাদেরকে কম সম্মান করে।

গৃহিত ইনো কার্যক্রম : অধিদফতরের শিশু পরিবারের নিবাসীদের আত্নবিশ্বাস এবং প্রতিভাকে চারিতার্থ করার লক্ষ্যে একস্ট্রা কারিকুলাম এক্টিভিটিস হিসেবে লেখালেখীতে উদ্বুদ্ধকরণের জন্য সমাজসেবা দিবসে শিশুদের লেখা নিয়ে প্রথম 'শিশু সংকলণ' নামে একটি বই বের করা।

অতিথিদের পরামর্শ : উদ্যোগটি চলমান রাখাসহ এর ইতিবাচক প্রভাব স্টাডির জন্য পরার্মশ প্রদান করা হয়।









# 'বাংলা ইশারা ভাষা দিবস' ২০১৭

১ ফেব্রুয়ারি, ২০০৯ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা অমর ২১ শে গ্রন্থমেলা ২০০৯ এর উদ্বোধনী অনুষ্ঠানে বাংলা ইশারা ভাষাকে দেশের অন্যতম প্রধান ভাষা হিসেবে উল্লেখ করেন। এরই ধারাবাহিকতায় শ্রবণ ও বাক প্রতিবন্ধী জনগোষ্ঠীর জন্য বাংলা ইশারা ভাষাকে রাষ্ট্রীয় স্বীকৃতি ও প্রাতিষ্ঠানিকীকরণের বিষয়টি বিবেচনা করা হয়। রাষ্ট্রীয়ভাবে প্রতিবছর ০৭ ফেব্রুয়ারি বাংলা ইশারা ভাষা দিবস হিসেবে পালনের সিদ্ধান্ত গৃহীত হয়। শ্রবণ ও বাক প্রতিবন্ধীসহ সকল প্রতিবন্ধী ব্যক্তিদের সমাজের মূলস্রোত ধারায় এনে দেশের উন্নয়নে তাদের অংশীদার করাই এ দিবস পালনের অন্যতম উদ্দেশ্য। তাদের অধিকার প্রতিষ্ঠা ও সকল জনগোষ্ঠীকে সচেতন করার লক্ষ্যে ২০১১ সালের ০৭ ফেব্রুয়ারি প্রথমবারের মতো বাংলাদেশে বাংলা ইশারা ভাষা দিবস পালন শুরু হয়।




*বাংলা ইশারা ভাষা দিবস-২০১৭-এ মাননীয় প্রতিমন্ত্রী*

প্রতিবছরের মতো এবারও ০৭ ফেব্রুয়ারি ২০১৭, ২৫ মাঘ ১৪২৩ সমাজকল্যাণ মন্ত্রণালয়, সমাজসেবা অধিদফতর, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন এবং সংশ্লিষ্ট অন্যান্য বেসরকারি সংস্থার সমন্বয়ে দিবসটি উদযাপিত হয়। এ বছরের দিবসের প্রতিপাদ্য-

"ইশারা ভাষার উন্নয়নে
সচেতন হব প্রতিজনে।"

র‌্যালি, আলোচনা সভা, চিত্রাংকন প্রতিযোগিতা, পুরস্কার বিতরণ এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্যদিয়ে দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালিত হয়।

**র‌্যালি ঃ** দিবসের দিন সকাল ১০: ৩০ মিনিটে প্রবীণ হিতৈষী সংঘ ও জরা বিজ্ঞান প্রতিষ্ঠান থেকে শুরু হয়ে সমাজসেবা ভবন, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকায় র‌্যালী শেষ হয়। সরকারি বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের শিক্ষার্থী ও প্রতিনিধিবৃন্দ, সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং সমাজসেবা অধিদফতরের কর্মকর্তা কর্মচারীবৃন্দ র‌্যালিতে অংশগ্রহণ করেন। বিভিন্ন সংস্থা তাদের নিজস্ব ব্যানার ও ফেস্টুন নিয়ে র‌্যালিতে অংশ গ্রহণ করেন।

**চিত্রাংকন প্রতিযোগিতা ঃ** সকাল ৯.০০ ঘটিকায় বাক-শ্রবণ প্রতিবন্ধী শিশুদের অংশ গ্রহণে চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে ৫৩ জন বাক-শ্রবণ শিশুদের আঁকা ছবি সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় ও মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর এবং বিভিন্ন কর্মকর্তাবৃন্দ অবলোকন করেন। বাক-শ্রবণ শিশুদের আঁকা ছবিতে বাংলার আবহমান চিত্র ফুটে উঠে।

**আলোচনা সভা ঃ** সকাল ১১.০০ ঘটিকায় আলোচনা সভা শুরু হয়। আলোচনা সভার শুরুতে পবিত্র ধর্মগ্রন্থ থেকে পাঠ করা হয়। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী নুরুজ্জামান আহমেদ এমপি এবং বিশেষ অতিথি ছিলেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব মোঃ জিল্লার রহমান। সভাপতিত্ব করেন সমাজসেবা অধিদফতরের মহাপরিচালক গাজী মোহাম্মদ নূরুল কবির। আলোচনা সভায় স্বাগত বক্তব্য রাখেন অধিদফতরের পরিচালক (প্রতিষ্ঠান) মোঃ জুলফিকার হায়দার। শুভেচ্ছা বক্তব্য রাখেন জাতীয় বধির ক্রীড়া ফেডারেশনের সাধারণ সম্পাদক ফিরোজ আহমেদ। আলোচনা অনুষ্ঠানে কী-নোট পেপার উপস্থাপন করেন এসডিএসএল এর সাধারণ সম্পাদক মিজানুর রহমান এবং ধন্যবাদ জ্ঞাপন করেন অধিদফতরের পরিচালক (কার্যক্রম) আবু মোহাম্মদ ইউসুফ।

**পুরস্কার বিতরণ ঃ** চিত্রাংকন প্রতিযোগিতায় অংশ গ্রহণকারী সকল শিশুকে শুভেচ্ছা উপহার প্রদান করা হয়। তাছাড়া ২০১৬ সালের পিইসি ও জেএসসি পরীক্ষায় পিএসটিসি, মিরপুর, ঢাকা হতে অংশ গ্রহণকারী এ+ প্রাপ্ত ৪ জন শিক্ষার্থীকে ১০০০/- টাকা করে প্রাইজবন্ড উপহার দেয়া হয়।

**সাংস্কৃতিক অনুষ্ঠানঃ** সমাজসেবা অধিদফতরাধীন পিএইচটি সেন্টার, মিরপুর, ঢাকা'র শিশু শিল্পীরা নৃত্য, মুকাভিনয় এবং সরকারি শিশু পরিবার, তেজগাঁও, ঢাকা'র শিশু শিল্পীরা দলীয় নৃত্য পরিবেশন করে। বেসরকারি সংস্থা এসডিএসএল এর শিশু শিল্পীরা দলীয় নৃত্য পরিবেশন করে।

জাতীয় পর্যায়ে দিবসটি পালনের পাশাপাশি সকল জেলা পর্যায়েও যথাযোগ্য মর্যাদায় দিসবটি উদযাপন করা হয়।

# সাফল্যগাঁথা

**"ময়থা সাধুলী পাড়া : আর এস এসের একটি সত্যিকারের গ্রাম"**

১৯৭৪ সালে জাতীর জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নির্দেশনায় গ্রামের মানুষের জীবন চিত্র পাল্টে দিতে প্রকল্পগ্রামের মাধ্যমে সংগঠিত করে ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতায় নিয়ে আসতে কাজ শুরু করে সমাজসেবা অধিদফতর। সেই পথ চলায় অনেক গ্রামের যেমন চিত্র পাল্টে গেছে তেমনি অনেক ব্যক্তিরও।

২০১৩ সালে সমাজসেবা অধিদফতর হতে পল্লী সমাজসেবা কার্যক্রমের জন্য বরাদ্দ প্রাপ্তির পর সে সময়ের উপজেলা সমাজসেবা অফিসার জনাব জহিরুল ইসলাম, ফিল্ড সুপারভাইজার সৈয়দ মোকছেদ আলম চৌধুরী এবং ইউনিয়ন সমাজকর্মী জনাব শাহানুর আলম তালুকদার, বাসাইল উপজেলার ফুলকী ইউনিয়নের ময়থা সাধুলীপাড়া গ্রামকে ঋণ প্রদানের জন্য নির্বাচন করেন। ১০ টি স্কীমে ২০,০০০ টাকা করে মোট ২,০০,০০০/- প্রদান করেন। গ্রাম কমিটির সহায়তায় স্কীম নির্বাচন এবং ঋণগ্রহীতা নির্বাচন ছিল অত্যন্ত বাস্তবসম্মত। ঋণগ্রহীতাদের মধ্যে যেমন বেশ কয়েক জন ছিলেন বেকার যুবক, কয়েকজন দিন মজুর, আবার কেউ বাবার চোখে বখে যাওয়া। প্রকল্পগ্রামে বিভিন্ন সময়ে বিভিন্ন বিষয়ে ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা অফিসার কখনও উপজেলা নির্বাহী অফিসারদের বিভিন্ন উদ্বুদ্ধ করণ বক্তব্য তাদের অনুপ্রাণিত করে। যে অনুপ্রেরণায় তাদের গ্রামকে একটি উন্নয়ন আদর্শগ্রাম হিসেবে গড়ে তোলার লক্ষ্যে সবাইকে কাঁধে কাঁধ রেখে কাজ করার সাহস যোগায়।

প্রকল্প গ্রামটির প্রত্যেকটি সদস্যই এখন স্বচ্ছল। আনোয়ার হোসেন ডিমের ব্যবসা শুরু করে এখন কয়েক শত মুরগির মালিক যেমন হয়েছেন তেমনি দুই বন্ধু আকবর ও মোস্তফা বাজার থেকে কাঠের চেয়ার, টেবিল কিনে এনে বিক্রি শুরু করে এখন অনেক বড় ফার্নিচারের দোকান দিয়েছেন। আবার দিন মজুর আনোয়ার বেগম হাঁস-মুরগী পালন শুরু করে বর্তমানে তাঁর বখে যাওয়া স্বামীকে একটি চায়ের দোকান দিয়ে দিয়েছেন।

প্রকল্পগ্রামের সভাপতি কালাম মিয়া বললেন, আমাদের এই প্রকল্প গ্রামটির অর্থনৈতিক উন্নতি যেমন দ্রুত হয়েছে তেমনি আমাদের গ্রাম কমিটির কেউ এখন আর বাল্য বিবাহ, যৌতুক দেওয়া-নেওয়া, স্কুলে ছেলে মেয়েদের না পাঠানো, স্বাস্থ্য সম্মত পায়খানা ব্যবহার না করা- এমন কাজ নিজেরাও যেমন করে না তেমনি গ্রামের অন্য কেউ করতে গেলে তাকে নিরুৎসাহিত করা হয়।


সময়মতো কিস্তি পরিশোধ করা, নিয়মিত সঞ্চয় দেয়া এসবের জন্য আর ইউনিয়ন সমাজকর্মীকে বলতে হয় না তিনি শুধু সময় মতো গিয়ে নতুন কোন তথ্য থাকলে শেয়ার করেন, কিস্তি নিয়ে চলে আসেন।

ময়থা সাধুলী পাড়ার ঋণগ্রহীতারা এখন নিজেদের সমাজসেবার লোক পরিচয় দিতে এবং নিজেদের একটি গ্রাম ভাবতে গর্ববোধ করেন। যা এই পল্লী সমাজসেবা কার্যক্রমের সাথে জড়িত সকল কর্মীর স্বার্থকতা।

(নিচে প্রকল্প গ্রামটির বিভিন্ন স্কীমের কয়েকটি স্থিরচিত্র)











সম্পাদক : গাজী মোহাম্মদ নূরুল কবির, মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর। নির্বাহী সম্পাদক : সোমা ইউসুফ, গবেষণা ও প্রকাশনা কর্মকর্তা, সমাজসেবা অধিদফতর
সমাজসেবা ভবন, ই-৮/বি-১ আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ থেকে প্রকাশিত। ফোন : +৮৮ ০২ ৯১৩১৯৬৬ ফ্যাক্স : ৯১৩৮৩৭৫। www.dss.gov.bd
মুদ্রণে : মাদার প্রিন্টার্স-৮,১০ নীলক্ষেত বাবুপুরা, ঢাকা-১২০৫, অফিস : আর-২৯/এ গাউসুল আজম সুপার মার্কেট (২য়তলা), নীলক্ষেত , নিউমার্কেট ঢাকা-১২০৫